

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



ব্ল্যাক হিস্টরি মাসটি ফিরে দেখা

প্রিয় নিউ ইয়র্কবাসী,

বিগত কয়েকটি সপ্তাহের প্রতি ফিরে দেখার সময়, আমরা NYC পাবলিক স্কুলস্-এ যেভাবে [ব্ল্যাক হিস্টরি মাস](#) উদযাপন করেছি তাতে আমি অত্যন্ত গর্বিত।

প্রথমত, টুইড কোর্টহাউসে অবস্থিত আমাদের কেন্দ্রীয় অফিসে আমরা গভীরভাবে অনুভূত একটি ব্ল্যাক হিস্টরি মাস উদযাপনী অনুষ্ঠানের আয়োজন করেছিলাম, যেখানে চ্যানেল ভিউ ফর রিসার্চ, ফ্রেডরিক ডগলাস অ্যাকাডেমি II, এবং ট্রানজিট টেক CTE হাই স্কুলের শিক্ষার্থী সঙ্গীতজ্ঞ ও লেখকগণ পরিবেশনা করেছে।

এরপর, এই সপ্তাহে, আমরা আমাদের [হিডেন ভয়েসেস](#) (দমিয়ে রাখা মানুষদের কণ্ঠ) সিরিজের নতুন সংস্করণ: [স্টোরিজ অভ দ্যা গ্লোবাল আফ্রিকান ডায়াস্পোরা, ভলিউম 1](#) (বিশ্বব্যাপী আফ্রিকান অভিবাসীদের গল্প, ভলিউম 1) প্রকাশ করেছি। বিগত তিন বছর যাবৎ নেতৃত্বান্বিত শিক্ষাবিদ এবং কমিউনিটি অংশীদারদের কাছ থেকে ব্যাপক পরামর্শ গ্রহণ করে প্রস্তুত করা এই সিরিজটি যুক্তরাষ্ট্র ও বিশ্বে গভীরভাবে প্রভাব রেখেছেন এমন পরিবর্তন-সাধনকারী আফ্রিকান প্রতিবাদীদের তুলে ধরেছে, যাদের অনেককেই ইতিহাসের প্রথাগত বর্ণনা থেকে বাদ দেয়া হয়েছে।

এবং অবশেষে, আমি [এডুকেশন ইকুইটি অ্যাকশন প্ল্যান কোয়ালিশন](#) (EEAPC)-এ আমাদের অংশীদারদের সহায়তা করতে পেরে উদ্দীপ্ত হয়েছি, যারা সম্প্রতি ব্ল্যাক স্টাডিজ পাঠ্যক্রম পাইলটের দ্বিতীয় পর্ব শুরু করার বিষয়টি ঘোষণা করেছে। এই পাঠ্যক্রমের রূপ ধারণের পথে EEAPC-এর সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা সম্মানিত বোধ করছি।

আমি বিশ্বাস করি যে আমাদের শিক্ষার্থীরা তাদের ইতিহাস ও পটভূমি তাদের ক্লাসরুমে প্রতিফলিত হতে দেখতে পাওয়ার যোগ্য, এই বিশ্বাসের ভিত্তি আমার নিজের শৈশব। যখন আমি এলিমেন্টারি স্কুলে ছিলাম, তখন মিজ মিলড্রেড স্কট (Mildred Scott) নামক একজন অসাধারণ শিক্ষক আমাকে আফ্রিকা এবং আফ্রিকান আমেরিকানদের সমৃদ্ধ ইতিহাস সম্পর্কে শিখিয়েছেন। তিনি আমার মাঝে আমার ঐতিহ্যের প্রতি দৃঢ় গর্ববোধ গড়ে তুলেছেন—এবং হিডেন ভয়েসেস অনুষ্ঠানে, আমি এমনকি তাঁর ক্লাসে লিখেছি এমন একটি কবিতা আবৃত্তি করেছি।

এছাড়াও, হিডেন ভয়েসেস এবং ব্ল্যাক স্টাডিজ পাঠ্যক্রমের মধ্য দিয়ে, আমাদের সিটি জুড়ে শিক্ষার্থীরা এমন সব ক্লাসরুমের পাঠ্য উপকরণ পাবে, যা তাদের অনুপ্রেরণা জোগাবে এবং ক্ষমতায়িত করবে। এবং এর ব্যাপ্তি নিউ ইয়র্ক ছাড়িয়ে যায়। হিডেন ভয়েসেস পুরো *দেশব্যাপী* শিক্ষকমণ্ডলী, পরিবারবর্গ, এবং ডিস্ট্রিক্টগুলোর জন্য লভ্য। যেকোনো এই তথ্য-উপকরণগুলো বিনা খরচে weteachnyc.org থেকে ডাউনলোড করতে পারেন।

ব্ল্যাক হিস্টরি মাস শেষ হয়ে আসছে, তবে শেখা সবেমাত্র শুরু। আমাদের কর্মীবৃন্দ এবং পরিবারদের প্রতি, উভয় - অতীত স্মরণে এবং আমাদের সামগ্রিক ভবিষ্যতের রূপ দিতে, আপনারা যা করেন তার সবকিছুর জন্য ধন্যবাদ।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যাসেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।